

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
অধিশাখা-২ (মাঠ প্রশাসন)
www.minland.gov.bd

৩১ ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ

স্মারক নম্বর-৩১.০০.০০০০.০৪৬.১১.২১৭.১২.৬৫৯

তারিখ:-----

১৫ সেপ্টেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়: শূন্য পদ পূরণের নিমিত্ত ছাড়পত্র প্রদান।

সূত্র: জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া-এর স্মারক নম্বর- ৩১.৪২.১২০০.০১২.১৫.২১১.১৯.১৮১৯; তারিখ: ১২/০৯/২০১৯ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে ব্রাহ্মণবাড়িয়া জেলার রাজস্ব প্রশাসনের নিম্নবর্ণিত শূন্যপদসমূহ সরাসরি নিয়োগের ভিত্তিতে উপযুক্ত প্রার্থী নির্বাচনের মাধ্যমে পূরণের জন্য নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নির্দেশক্রমে ছাড়পত্র প্রদান করা হল:

কার্যালয়ের নাম	পদের নাম ও বেতনস্কেল	ছাড়কৃত পদ সংখ্যা
জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া	নাজির-কাম-ক্যাশিয়ার, ৯৩০০-২২,৪৯০/-	০৮ (আট)টি
	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, ৯৩০০-২২,৪৯০/-	২১ (একুশ)টি
	সার্টিফিকেট পেশকার, ৯৩০০-২২,৪৯০/-	০৮ (আট)টি
	সার্টিফিকেট সহকারী, ৯৩০০-২২,৪৯০/-	০৮ (আট)টি
	ক্রেডিট চেকিং-কাম-সায়রাত সহকারী, ৯৩০০-২২,৪৯০/-	১৩ (তেরা)টি
	নামজারি সহকারী, ৯৩০০-২২,৪৯০/-	০৭ (সাত)টি
	মোট=	৬৫ (পয়ষট্টি)টি

- (ক) উল্লিখিত পদ পূরণের ক্ষেত্রে যদি আদালতের কোন নিষেধাজ্ঞা থাকে, কোনো রিট মামলা বিচারাধীন থাকে, কোনো মামলার রায় বাস্তবায়নের বিষয় অপেক্ষমান বা প্রক্রিয়াধীন থাকে তবে আদালতের নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নপূর্বক বিধি মোতাবেক শূন্যপদ পূরণের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- (খ) প্রাপ্ত প্রস্তাবে শূন্যপদের সংখ্যায় কোনো গরমিল থাকার কারণে কোনো পদে অতিরিক্ত লোক নিয়োগ পেলে সেক্ষেত্রে ভুল তথ্য প্রদানকারী দায়ী থাকবেন। ছাড়পত্র আদেশ প্রাপ্তির পর জারিকৃত ছাড়পত্রের সত্যতা সম্পর্কে আবশ্যিকভাবে ভূমি মন্ত্রণালয় অধিশাখা-২(মাঠ প্রশাসন) এর সাথে যোগাযোগ করে সম্পূর্ণ নিশ্চিত হয়ে পদপূরণ করতে হবে; ছাড়পত্রের সত্যতা সম্পর্কে নিশ্চিত না হয়ে পদ পূরণ করার ফলে কোন জটিলতার সৃষ্টি হলে সেইক্ষেত্রে প্রস্তাব প্রেরণকারী দায়ী থাকবেন;
- (গ) অর্গানোগ্রাম ও পদসৃষ্টির আদেশে বর্ণিত পদনাম অনুযায়ী অনুমোদিত নিয়োগবিধি অনুসরণপূর্বক প্রতি শ্রেণীর পদের বিপরীতে মঞ্জুরিকৃত পদসংখ্যার ভিত্তিতে পদপূরণ করতে হবে। এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
- (ঘ) পদ পূরণের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিপত্র নম্বর-সম (এসপি)-৫৮/৯৯-২১০(৫০) তারিখ-১০/০৫/৯৯ এবং ০৫.১৬৬.০২২.০০.০৪৪.১৯৮৮-১৩৫৬(২৫০) তারিখ-২৪/১১/২০১০ অবশ্যই পালন/অনুসরণ করতে হবে। উক্ত পরিপত্রের ৩(খ) অনুচ্ছেদ অনুযায়ী এই ছাড়পত্রের বৈধতার মেয়াদ সর্বোচ্চ ০১(এক) বৎসর এবং উক্ত পরিপত্রের ৩(ঘ) অনুযায়ী ছাড়পত্রের মেয়াদের মধ্যে নিয়োগ প্রক্রিয়ার সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং উক্ত পরিপত্রের ৩(গ) অনুযায়ী নির্দিষ্ট সময় সীমার মধ্যে পদ পূরণে অসমর্থ হলে নতুন করে ছাড়পত্র গ্রহণ করতে হবে;
- (ঙ) ছাড়কৃত পদগুলি পূরণ করার ক্ষেত্রে প্রচলিত নিয়োগবিধি, শূন্যপদ পূরণ সংক্রান্ত বিষয়ে সরকারের অপরাপর যাবতীয় বিধি-বিধান/আদেশ এবং আনুষ্ঠানিকতা অবশ্যই যথাযথভাবে প্রতিপালন/অনুসরণ করতে হবে;
- (চ) ছাড়কৃত পদসমূহ পূরণ করার ক্ষেত্রে ভূমি মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ১১/০৬/২০১৯ তারিখের ৩১.০০.০০০০.০৪৬. ৬৮.০১৭.১৬.৩৮৫ নম্বর পরিপত্রের নির্দেশনা অনুসরণ করতে হবে;
- (ছ) নিয়োগের সময় ভূমি মন্ত্রণালয়ের উপযুক্ত প্রতিনিধি উপস্থিত থেকে সার্বিক বিষয় পরিবীক্ষণ করবেন।
- (জ) ছাড়কৃত পদসমূহ পূরণ করার ১৫ দিনের মধ্যে ভূমি মন্ত্রণালয়ের অধিশাখা-২ (মাঠ প্রশাসন) এবং জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।

০২। ভূমি মন্ত্রণালয়ের অধিশাখা-২ (মাঠ প্রশাসন)-এর ২১.১২.২০১৪ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১. ২১৭.১২.৮৭৬ নম্বর স্মারকে ব্রাহ্মণবাড়িয়া জেলার রাজস্ব প্রশাসনের অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক-এর ১৮টি, নাজির-কাম-ক্যাশিয়ার-এর ০৬টি, সার্টিফিকেট পেশকার-এর ০৬টি এবং ক্রেডিট চেকিং-কাম-সায়রাত সহকারী-এর ১০টিসহ সর্বমোট ৪০ জন নিয়োগের ছাড়পত্র প্রদানের আদেশটি নির্দেশক্রমে এইসঙ্গে বাতিল করা হল।

(প্রদীপ কুমার দাস)

যুগ্মসচিব

ফোন-৯৫৪০১৭২

জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।

৩১ ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ
তারিখ:-----

স্মারক নম্বর-৩১.০০.০০০০.০৪৬.১১.২১৭.১২.৬৫৯/১(০৮)

১৫ সেপ্টেম্বর ২০১৯ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।
- ০৪। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ০৫। যুগ্মসচিব (মাঠ প্রশাসন), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৭। সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


১৫.৯.১৯

প্রদীপ কুমার দাস
যুগ্মসচিব
ভূমি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার